গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-০৩ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নম্বর:- ৫৯.০০.০০০০.১০৬.০৩.২০১৭(অংশ-২) — ৯৫৯

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
০৮ জুন ২০২১ খ্রিষ্টাব্দ

**বিষয়: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ০২.০৬.২০২১ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নৈতিকতা কমিটির ভার্চুয়াল (জুম অ্যাপস) এর মাধ্যমে অনুষ্ঠিত ৪র্থ সভার কার্যবিবরণী আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

০৮/০৬/২০২১
(কাজী লুতফুল হাসান)
সিনিয়র সহকারী সচিব
মোবাইল-০১৭৫৫-৫৯৯৮৮৮
healthad3@gmail.com

বিতরণ: **(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
০২. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০৩. অতিরিক্ত সচিব (জনসংখ্যা, প:ক: ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০৪. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০৫. মহাপরিচালক, নিপোর্ট,আজিমপুর, ঢাকা
০৬. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
০৭. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
০৮. যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০৯. যুগ্মসচিব (নির্মাণ ও মেরামত), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১০. যুগ্মসচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১১. যুগ্মসচিব (পরিকল্পনা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১২. উপসচিব (প্রশাসন-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১৩. উপসচিব (বাজেট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১৪. উপসচিব (জন-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১৫. উপসচিব (শৃঙ্খলা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১৬. উপসচিব (পার-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১৭. উপসচিব (চিশি-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১৮. উপসচিব (চিশি-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১৯. উপসচিব (নীতি ও কার্যক্রম), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
২০. উপসচিব (প্রশাসন-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
২১. উপসচিব (পক-৩), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
২২. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
২৩. সহকারী প্রোগ্রামার/সিনিয়র কম্পিউটার অপারেটর, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
২৪. সহকারী সচিব (প্রশাসন-৩), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

অনুলিপি সদয় অবগতি জন্য :
০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা

E:\Admin-3\বিবিধ\A.forwarding.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

# নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতি: মো: আলী নূর
সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্থান: ভার্চুয়াল (জুম অ্যাপস্)
তারিখ: ০২-০৬-২০২১ খ্রি:
সময়: বেলা ১২.০০ টা

এ বিভাগের সচিব এবং সভাপতি নৈতিকতা কমিটির সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, আজকের সভাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। গতবছরে মন্ত্রিপরিষদ বিভাগের মূল্যায়নে এ বিভাগের অর্জন ভাল ছিল না। গতানুগতিক সিদ্ধান্তসমূহ প্রায়ই মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। প্রত্যেকটি বিষয় লক্ষ্যকেন্দ্রিক হওয়া উচিত বলে তিনি সভায় অভিমত ব্যক্ত করেন। এরপর তিনি অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে সভার আলোচ্যসুচি উপস্থাপনের আহ্বান জানান। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ফোকাল পয়েন্ট জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর সূচকসমূহ সভায় উপস্থাপন করেন। সভায় অংশগ্রহণকারী সদস্যগণ নিম্নবর্ণিত বিষয়সমূহে বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পদ/শাখা/দপ্তর |
|---|---|---|---|---|
| ১ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থা | ১.১। নৈতিকতা কমিটির সভা: যুগ্মসচিব (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট সভাকে জানান যে, প্রতি কোয়ার্টারে ১টি করে মোট ৪টি সভা অনুষ্ঠানের লক্ষমাত্রা নির্ধারিত। এর মধ্যে ৩টি কোয়ার্টারে মোট ৩টি সভা করা হয়েছে। ৪র্থ কোয়ার্টারের সভাটি অদ্য অনুষ্ঠিত হলো।<br>১.২। নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন: বিগত ৩টি সভায় ১১টি বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে ৮টি বিষয়ে গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে। অপর ৩টি বিষয়ের সিদ্ধান্ত সমূহের মধ্যে আইন বিধি প্রণয়ন, প্রকল্প পরিদর্শনে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, অফিসের কর্মপরিবেশ সুন্দর ও পরিস্কার করার সিদ্ধান্তসমূহ পরিপূর্ণ রুপে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে আলাদাভাবে পত্র দেওয়া হয়েছে। তারা পরিপূর্ণ বাস্তবায়নের কার্যক্রম অব্যাহত রেখেছেন মর্মে সভাকে অবহিত করেছেন। | নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভা আয়োজনসহ গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিস্টেম এনালিস্ট/ সকল অধিদপ্তর প্রধান/ প্রশাসন-৩ |
| ২ | দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২.১। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা: প্রতি কোয়ার্টারে ১টি করে মোট ৪টি সভা অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা নির্ধারিত। এর মধ্যে ৩টি কোয়ার্টারে ৩টি সভা করা হয়েছে। ৪র্থ কোয়ার্টারের সভা জুন/২১ মাসের মধ্যে আয়োজন করা হবে।<br>২.২। অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন: বিগত ৩টি সভায় এ বিষয়ে নিম্নবর্ণিত ৫টি সিদ্ধান্ত গৃহীত হয়েছিল:<br>ক) নিজ নিজ দপ্তরের যথাযথভাবে এপিএ বাস্তবায়ন ও | নির্ধারিত সময়ের মধ্যে শুদ্ধাচার সংক্রান্ত সকল সভা ও প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন)/ সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৩) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পদ/শাখা/দপ্তর |
|---|---|---|---|---|
| | | শুদ্ধাচার চর্চা অব্যাহত রাখতে হবে।<br>খ) যথাসময়ে অভিযোগ নিষ্পত্তিসহ তথ্য অধিকার আইনে যথানিয়মে তথ্য প্রদান করতে হবে।<br>গ) সিটিজেন চার্টার বাস্তবায়নসহ ই-ফাইলিং কার্যক্রম বেগবান করতে হবে।<br>ঘ) স্ব স্ব দপ্তরে দুর্নীতি বিরোধী কার্যক্রম ও উদ্ভাবন চর্চা অব্যাহত রাখতে হবে।<br>ঙ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ত্রৈমাসিক সভা করতে হবে।<br>উক্ত সিদ্ধান্তসমূহের কিছু কিছু সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে এবং কিছু কিছু সিদ্ধান্ত আংশিক বাস্তবায়ন করা হচ্ছে। অচিরেই তা পরিপূর্ণভাবে বাস্তবায়নের ব্যবস্থা গৃহীত হচ্ছে বলে সভাকে অবহিত করা হয়।<br>২.৩ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন;<br>২.৪ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন<br>যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় কর্মকর্তা ও কর্মচারীদের চাকরি বিধিমালাসহ অন্যান্য প্রশিক্ষণের ব্যবস্থা রাখা হয়েছে এবং তা যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। | | |
| ৩ | শুদ্ধাচার প্রতিষ্ঠায় আইন/বিধি/ নীতিমালা/ম্যানুয়াল প্রণয়ন/সংস্কার/ হালনাগাদকরণ ও প্রজ্ঞাপন/পরিপত্র-জারি | যুগ্মসচিব (প্রশাসন) জানান, চলতি ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় ৩টি আইন প্রণয়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত আইনসমূহের সর্বশেষ অগ্রগতি জানানোর জন্য সভাপতি সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা)-কে আহ্বান জানান। সেপ্রেক্ষিতে তিনি বলেন,<br>৩.১ বাংলাদেশ মেডিকেল অ্যাক্রেডিটেশন আইন: আইনটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাবাকোতে প্রেরণ করা হয়েছিল। পরবর্তীতে কিছু নির্দেশনার প্রেক্ষিতে সংশোধনপূর্বক পুনরায় মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এ প্রসঙ্গে সভাপতির জিজ্ঞাসার প্রেক্ষিতে অতিরিক্ত সচিব মহোদয় জানান যে, চলতি জুন/২১ মাসের মধ্যে বাংলাদেশ মেডিকেল অ্যাক্রেডিটেশন আইন চূড়ান্ত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।<br>৩.২ বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ স্থাপন ও পরিচালনা আইন: বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ আইন, ২০২১' এর খসড়া ১১.০৫.২০২১ তারিখে ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>৩.৩ বাংলাদেশ প্যারামেডিকেল শিক্ষা বোর্ড আইন: (পরিবর্তীত নাম: বাংলাদেশ অ্যালাইড হেলথ শিক্ষা বোর্ড | শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত আইনসমূহ চূড়ান্তকরণের জন্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চিকিৎসা শিক্ষা অনুবিভাগ |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পদ/শাখা/দপ্তর |
|---|---|---|---|---|
| | | আইন, ২০২১) এ সংক্রান্ত বিষয়ে তিনি সভাপতিকে জানান যে, বাংলাদেশ অ্যালাইড হেলথ শিক্ষা বোর্ড আইন, ২০২১ এর খসড়া তৈরি করা হয়েছে। ২৩.০৫.২০২১ তারিখে খসড়া আইনটির বিষয়ে স্টেকহোল্ডারদের নিয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। | | |
| ৪ | ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ | আলোচ্য বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ৫টি সূচক নির্ধারন করা হয়েছে। যা নিম্নরুপ:<br>৪.১ সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ;<br>৪.২ স্ব-স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ;<br>৪.৩ স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ;<br>৪.৪ স্ব-স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ;<br>৪.৫ স্ব-স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ;<br>জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ বিষয়ে আলোচনা হয়। এ প্রসঙ্গে যুগ্মসচিব (প্রশাসন) সভাপতির দৃষ্টি আর্কষণ পূর্বক জানান যে, ওয়েবসাইটে এ সংক্রান্ত তথ্য হালনাগাদ করা হয়েছে এবং তা অব্যাহত রয়েছে। অধিদপ্তরসমূহের ওয়েবসাইট হালনাগাদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যথাসময়ে এ বিভাগের ওয়েবসাইটে সেবাবক্স হালনাগদকরণের কার্যক্রম অব্যাহত রাখাসহ স্ব-প্রনোদিত তথ্যও ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে। অধিদপ্তরসমূহ সংশ্লিষ্ট ওয়েবসাইট হালনাগাদ নিশ্চিত করবে। | যুগ্মসচিব (প্রশাসন)/ কম্পিউটার সেল/সকল অধিদপ্তরসমূহ |
| ৫ | সুশাসন প্রতিষ্ঠা | সুশাসন প্রতিষ্ঠার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২টি ইনডিকেটর নির্ধারন করা হয়েছে। যা নিম্নরুপ:<br>৫.১ উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে;<br>৫.২ অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণের কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে;<br>সভাপতি বলেন যে, এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে সর্বত্র সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করে যেতে হবে। | উত্তম চর্চার তালিকা প্রস্তুত করে তা ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন অনুবিভাগ/ সকল অধিদপ্তর |
| ৬ | প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার | প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ৩টি সূচক নির্ধারন করা হয়েছে। যা নিম্নরুপ:<br>৬.১প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন;<br>৬.২ মন্ত্রণালয়/ বিভাগ/ রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ;<br>৬.৩. প্রকল্প পরিদর্শন/ পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন পরিবীক্ষণ;<br>প্রকল্পের ক্রয় পরিকল্পনা যথাসময়ে প্রণয়ন, প্রকল্প পরিদর্শন/মনিটরিং পরিদর্শন এবং সুপারিশ যথাসময়ে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে মর্মে সভাপতি সভাকে অবহিত করেন। | সকল প্রকল্প পরিচালক/দপ্তর প্রধানগণ প্রকল্পের ক্রয় পরিকল্পনা, পরিদর্শন এবং সুপারিশ যথাসময়ে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রশাসন/ উন্নয়ন অনুবিভাগ/ সকল মহাপরিচালক |
| ৭ | ক্রয় ক্ষেত্রে শুদ্ধাচার | প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২টি সূচক নির্ধারন করা হয়েছে। যা নিম্নরুপ: | যত দ্রুত সম্ভব ইজিপির মাধ্যমে ক্রয় কার্য সম্পাদনের ব্যবস্থা | প্রশাসন/ উন্নয়ন |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পদ/শাখা/দপ্তর |
|---|---|---|---|---|
| | | ৭.১ পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ;<br>৭-ই ২.টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন;<br><br>পিপিএ ও পিপিআর অনুযায়ী বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাসময়ে প্রণয়নপূর্বক ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও ইজিপির মাধ্যমে ক্রয় কার্য সম্পন্ন করার জন্য উপসচিব (প্রশাসন-২) কে নির্দেশনা প্রদান করা হয়। এ প্রসঙ্গে উপসচিব (প্রশাসন-২) বলেন ইজিপির মাধ্যমে ক্রয় কার্য সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এ বিভাগের ক্রয় কার্যক্রম ইজিপির মাধ্যমে সম্পন্ন করার জন্য সভাপতি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের নির্দেশনা প্রদান করেন। | করতে হবে। | অনুবিভাগ |
| ৮ | স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণ | প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ৫টি সূচক নির্ধারন করা হয়েছে। যা নিম্নরুপ:<br>৮.১ স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ;<br>৮.২ শাখা/ অধিশাখা ও আওতাধীন/ অধস্তন কার্যালয় পরিদর্শন;<br>৮ ৩.শাখা/ অধিশাখা ও আওতাধীন/ অধস্তন কার্যালয় পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন;<br>৮.৪ সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ;<br>৮ ৫.শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ;<br><br>সভাপতি এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের দায়িত্বরত কর্মকর্তা ও কর্মচারিদের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার আহবান জানান। এছাড়াও সিটিজেন চার্টার প্রণয়ন কমিটি পুন:গঠন করে অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পক ও আইন) কে অন্তর্ভুক্ত করা হয়েছে। নিয়মিত সিটিজেন চার্টার প্রণয়ন ও প্রকাশের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও এ বিভাগের কর্মকর্তাদের বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শনের প্রতিবেদনে উল্লিখিত মতামত নিয়ে যুগ্মসচিব (প্রশাসন) আলোচনা করেন এবং পরিদর্শন ও মনিটরিং বাড়ানোর জন্য সভাপতি সভার প্রতি আহ্বান জানান।<br>শাখা পরিদর্শন ও নথি শ্রেণিবিন্যাস খুবই কম করা হচ্ছে মর্মে সভাকে জানান। এ প্রসঙ্গে অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) বলেন, সহকারী সচিব থেকে উপসচিব পর্যন্ত পর্যায়ের কর্মকর্তাগণকে শাখা পরিদর্শন ও নথির শ্রেণিবিন্যাস কার্যক্রম ত্বরান্বিত করার জন্য নির্দেশ প্রদান করা যেতে পারে। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় এ বিভাগের ১০ জন কর্মকর্তাকে আগামী ০১ সপ্তাহের মধ্যে | এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের দায়িত্বরত কর্মকর্তা ও কর্মচারিদের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। এছাড়াও সহকারী সচিব থেকে উপসচিব পর্যন্ত কর্মকর্তাগণকে শাখা পরিদর্শন ও নথির শ্রেণিবিন্যাস কার্যক্রম ত্বরান্বিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসচিব (জনসংখ্যা-১)/ প্রশাসন-১/ সকল অনুবিভাগ/ অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পদ/শাখা/দপ্তর |
|---|---|---|---|---|
| | | ১০টি শাখা পরিদর্শনপূর্বক রিপোর্ট প্রদানের জন্য নির্দেশ প্রদান করেন। এছাড়াও নথির শ্রেণি বিন্যাস ও শাখা পরিদর্শন কার্যক্রম অব্যাহত রয়েছে। | | |
| ৯ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম | প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ৫টি সূচক নির্ধারন করা হয়েছে। যা নিম্নরূপ:<br>৯.১ দুর্নীতি প্রতিরোধে সততা ও নৈতিকতা বিষয়ে এ বিভাগের আওতাধীন অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের Motivational Workshop/সেমিনার এর ব্যবস্থা গ্রহণ করা;<br>৯.২ কর্মকর্তা/কর্মচারীগণকে তাদের কাজের স্বীকৃতিস্বরুপ পুরষ্কর/ প্রনোদনা/ তিরস্কারের ব্যবস্থা করা।;<br>৯.৩ ৪১ জন কর্মকর্তা/কর্মচারীগণ এর বিশেষ শ্রমসাধ্য কাজের জন্য সম্মানী ভাতা ইতোমধ্যে প্রদান করা হয়েছে;<br>৯.৪ আওতাধীন অধিদপ্তরসমূহের কার্যক্রম আকস্মিক পরিদর্শন করা;<br>৯.৫ এ বিভাগ সংশ্লিষ্ট দূর্নীতির মনিটরিং এর জন্য ওয়েবসাইটে একটি অভিযোগ বক্স খোলা;<br>৯.৬ মাঠ পর্যায়ের প্রতিষ্ঠানসমূহে মনিটরিং ও তদারকি কার্যক্রম জোরদার করা;<br>এ বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, এ সংক্রান্ত ৫টি সূচক নির্ধারণ করা হয়েছে, যা অধিদপ্তরসমূহে সরেজমিনে পরিদর্শন করা প্রয়োজন। | উত্তম কাজের স্বীকৃতিস্বরুপ পুরস্কার এবং মন্দ কাজের জন্য তিরস্কার প্রদানের ব্যবস্থা করতে হবে। এছাড়াও আকস্মিক পরিদর্শন, মনিটরিং ও তদারকি কার্যক্রম জোরদার করতে হবে। | প্রশাসন অনুবিভাগ/ সকল অধিদপ্তর |
| ১০ | শুদ্ধাচার পুরস্কার | ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় শুদ্ধাচার পুরস্কার প্রদান অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে এ বিভাগের সকল কর্মকর্তাদের সমন্বয়ে একটি পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজনের ব্যবস্থা আছে। | জুন/২১ মাসের মধ্যে শুদ্ধাচার পুরস্কার সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে। | প্রশাসন-৩ শাখা |
| ১১ | কর্মপরিবেশ উন্নয়ন | এ প্রসংগে সভাপতি বলেন, প্রতিটি অফিসের কর্মপরিবেশ সুন্দর হওয়া জরুরি। এতে কাজের গতি বৃদ্ধি পায়। বারান্দা ও করিডোরে দৃষ্টিনন্দন টবের গাছ দ্বারা ইতোমধ্যে সুসজ্জিতকরণ করা হয়েছে। | অফিসের কর্মপরিবেশ সর্বদা সুন্দর রাখার ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন-২/ সকল অধিদপ্তর প্রধান |
| ১২ | অর্থ বরাদ্দ | এ প্রসঙ্গে যুগ্মসচিব (প্রশাসন) বলেন, চলতি অর্থবছরে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন খাতে ৫০,০০,০০০/- টাকা বরাদ্দ ছিল। উক্ত খাত হতে ইতোমধ্যে ১০,০০,০০০/- টাকা ব্যয় হয়েছে। কোভিড-১৯ পরিস্থিতির কারণে চলতি অর্থবছরে বিদেশ প্রশিক্ষণ না হওয়ায় ব্যয় কম হয়েছে। | ব্যয়িত অর্থের বিল ভাউচার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। | প্রশাসন-২/ সকল অধিদপ্তর প্রধান |
| ১৩ | পরিবীক্ষণ ও মূল্যায়ন | ত্রৈমাসিক রিপোর্ট মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিত প্রেরণ করা হয়। | সময়মত মন্ত্রিপরিষদ বিভাগে রিপোর্ট প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন-৩ শাখা |
| ১৪ | ফিডব্যাক সভা/কর্মশালা | যুগ্মসচিব (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট সভাকে জানান যে, প্রতি কোয়ার্টারে ১টি করে মোট ৪টি সভা অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা নির্ধারিত। এর মধ্যে ৩য় কোয়ার্টারে ১টি সভা করা হয়েছে। | ২০২০-২০২১ অর্থবছরের ফিডব্যাক সভা জুন/২১ মাসের মধ্যে অনুষ্ঠিত হবে। | প্রশাসন-৩ শাখা |

০২। যুগ্মসচিব (প্রশাসন) ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ফোকাল পয়েন্ট আগামী ২০২১-২০২২ অর্থবছরের প্রস্তাবিত খসড়া জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা সভায় উপস্থাপন করেন এবং প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

০৩। অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৮/৬/২১

(মো: আলী নূর)
সচিব
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ